দৈনিক বাংলা

তারিখ ... 10 DEC 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# ওয়েটিং লিস্ট থেকে মেডিক্যাল কলেজে ভর্তির আবেদন

26

১৯৯১-৯২ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষায় ৩৫০ জন ছাত্রছাত্রীকে "অপেক্ষমাণ তালিকায়' রাখা হয়েছে। যারা মেডিক্যাল ও বুয়েট উভয় জায়গায় চান্স পায় এবং যারা বুয়েটে পড়তে ইচ্ছুক, তাদের বুয়েটে ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর সাধারণত মেডিক্যালে উল্লেখযোগ্য সংখ্যক সীট খালি হয় এবং সেসব খালি সীট 'অপেক্ষমাণ তালিকা' থেকে ভর্তি করা হয়। কিন্তু এ বছর অন্যবারের মতো না করে বুয়েটে ভর্তি প্রক্রিয়া শুরু হওয়ার আগেই 'অপেক্ষমাণ তালিকা' থেকে মাত্র ৭৯ জনকে ভর্তি করা হয়েছে। তাই বুয়েটে ভর্তি প্রক্রিয়া শেষে মেডিক্যাল কলেজগুলিতে প্রচুর সীট খালি রয়েছে। বাংলাদেশে উচ্চ শিক্ষার সুযোগ এমনিতেই কম, বিশেষ করে মেডিক্যালে। সে জন্য মেডিক্যাল কলেজগুলিতে সীট খালি রাখার কোন যৌক্তিকতা দেখি না।

এ ক্ষেত্রে পুনরায় অটোমাইগ্রেশন দিয়ে 'অপেক্ষমাণ তালিকা' থেকে খালি সীটগুলিতে যথাযথভাবে ছাত্রছাত্রী ভর্তি করলে অনেক ছাত্রছাত্রী ডাক্তারী পড়ার সুযোগ পেতো এবং দেশের ডাক্তার সমস্যা অনেকাংশে দূর হতো। তাই পুনরায় অটোমাইগ্রেশন দিয়ে ছাত্রছাত্রী ভর্তির সুযোগ দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানাই।

রেজাউল
২য় বর্ষ (সম্মান) গণিত
বিএম কলেজ, বরিশাল।